

**বাংলাদেশে বিদ্যমান Regulation (রেগুলেশন) নামের আইনসমূহ বাংলাদেশ কোডে
অন্তর্ভুক্তকরণ বিষয়ে আইন কমিশনের সুপারিশ**

The Bangladesh Laws (Revision and Declaration) Act 1973- এর ধারা ৬ অনুসারে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ১৮৩৬ হতে ২০০৬ পর্যন্ত প্রবর্তিত ও ২০০৭ সনের জানুয়ারী পর্যন্ত বলবৎ আইনসমূহ ৩৮টি খন্দে বাংলাদেশ কোড প্রকাশ করেছে। ধারা ৬-এর বিধান নিম্নরূপঃ

All Acts of Parliament, Ordinances and President's Orders in force in Bangladesh shall be printed in chronological order under the name and style of the Bangladesh Code.

ধারা ৬-এ Regulations শব্দ না থাকায় যে সকল আইনের নামের শেষ শব্দ Regulation সেই সকল আইন বাংলাদেশ কোডে স্থান পায় নাই। ফলে বাংলাদেশ কোড অসম্পূর্ণ রয়ে গিয়েছে।

কোডে অন্তর্ভুক্ত হয়নি কিন্তু এখনো বলবৎ আইনসমূহ হচ্ছেঃ

The Wills and Intestacy Regulation, 1799 (Regulation V of 1799); The Charitable Endowment, Public Buildings and Escheats Regulation, 1810 (Regulation XIX of 1810); The Government Indemnity Regulation, (Regulation XI of 1822); The Alluvion and Diluvion Regulation 1825 (Regulation XI of 1825); The Revenue Commissioners Regulation, 1829(Regulation 1 of 1829); The Sati Regulation, 1829 (Regulation XVII of 1829); The Land Revenue (Settlement and Deputy Collectors) Regulation, 1833 (Regulation IX of 1833);

বাংলাদেশ কোড-এর উল্লিখিত জন্মদাত্রী আইন তথা ১৯৭৩ সনের ৮ নং আইনের প্রস্তাবনা অনুসারে সকল আইনই মুদ্রণ করার কথা। সে মোতাবেক এই আইনের ধারা ৬-এ "All" শব্দের পর "Regulations promulgated before 1836" শব্দগুলো সন্তুষ্টি ও রেগুলেশন নামের আইনসমূহ কোডে অন্তর্ভুক্ত করার পদক্ষেপ গ্রহণ করার জন্য সুপারিশ করা হলো।

মোঃ আবদুল মোবারক
সদস্য
আইন কমিশন

প্রফেসর এম. শাহ আলম
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
আইন কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন কমিশন

বাংলাদেশে বিদ্যমান Regulation(রেগুলেশন) নামের আইনসমূহ
বাংলাদেশ কোডে অন্তর্ভুক্তকরণ বিষয়ে আইন কমিশনের
সুপারিশ সংক্রান্ত প্রতিবেদন

আইন কমিশনের কার্যালয়
পুরাতন হাইকোর্ট ভবন
ঢাকা-১০০০

মার্চ ২০, ২০১১